

সর্বজনীন পেনশন স্কিম



সমতা স্কিম



সমতা স্কিমের নিশ্চয়তা, সরকার দেবে সহায়তা

দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী স্বল্প আয়ের নাগরিকগণ যাদের বার্ষিক আয় অনুর্ধ্ব ৬০ হাজার টাকা তাদের জন্য 'সমতা' স্কিম। 'সমতা' স্কিমে মাসিক চাঁদার হার ১০০০ (এক হাজার) টাকা, যার মধ্যে চাঁদাদাতার জমার পরিমাণ ৫০০ (পাঁচশত) টাকা এবং বাকি ৫০০ (পাঁচশত) টাকা সরকার প্রদান করবেন।

মাসিক জমার হার	১,০০০ টাকা (চাঁদাদাতা ৫০০ টাকা + সরকারি অংশ ৫০০ টাকা)
জমা প্রদানের মোট সময়কাল (বছরে)	সম্ভাব্য মাসিক পেনশন (টাকা)
৪২	৩৪,৪৬৫
৪০	২৯,২০০
৩৫	১৯,১৮৭
৩০	১২,৪৬৬
২৫	৭,৯৫৫
২০	৪,৯২৭
১৫	২,৮৯৪
১০	১,৫৩০

- ১৮ থেকে ৫০ বছর বয়সি সকল বাংলাদেশি নাগরিকগণ 'সমতা' স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় পঞ্চাশোর্ধ্ব নাগরিকগণও ১০ বছর নিরবচ্ছিন্ন জমা প্রদান করলে পেনশন সুবিধা পাবেন।
- জাতীয় পরিচয়পত্রের (NID) ভিত্তিতে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করে 'সমতা' স্কিমে যুক্ত হওয়া যাবে।
- পেনশনার আজীবন অর্থাৎ মৃত্যুর পূর্ব পর্যন্ত পেনশন সুবিধা ভোগ করবেন।
- 'সমতা' স্কিমে অংশগ্রহণের জন্য বাৎসরিক আয়ের সনদের প্রয়োজন নেই।
- 'সমতা' স্কিমে রেজিস্ট্রেশন কার্যক্রমে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউ ডি সি) সহযোগিতা প্রদান করবে।

www.upension.gov.bd



f /National Pension Authority

জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়



FAQ



হটলাইন: +৮৮ ০৯৬১০ ৯০০৮০০
(বাংলাদেশ সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা)

- 'সমতা' স্কিমে মাসিক চাঁদা সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, সিটি ব্যাংক ও ব্র্যাক ব্যাংকের যেকোনো শাখায় সরাসরি জমা দেওয়া যাবে। এছাড়াও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস, অনলাইন ব্যাংকিং, ব্যাংক একাউন্ট হতে অটো ডেবিট অথবা ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে মাসিক চাঁদা প্রদান করা যাবে।
- চাঁদাদাতা পেনশনযোগ্য বয়সে উপনীত হওয়ার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ তাঁর নমিনী/নমিনীগণকে এককালীন ফেরত দেওয়া হবে।
- পেনশনার পেনশন ভোগের অবস্থায় ৭৫ বছরের পূর্বে মৃত্যুবরণ করলে তার নমিনী/নমিনীগণ পেনশনার বয়স ৭৫ বছর হওয়া পর্যন্ত পেনশন প্রাপ্য হবেন।
- পেনশনের টাকা উত্তোলনের জন্য কোনো অফিসে যেতে হবে না। পেনশনার ব্যাংক একাউন্ট বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস একাউন্টে (যেমনঃ বিকাশ, নগদ, ইত্যাদি) পেনশনের অর্থ স্বয়ংক্রিয়ভাবে জমা হবে।

সমতা স্কিম রেজিস্ট্রেশন পদ্ধতি



জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৪৩, কাকরাইল, ঢাকা -১০০০



www.upension.gov.bd